বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

Support for Development of Public Sector use of ICT under EMTAP
(বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)
বিসিসি ভবন, প্লট # ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন : ৮১৪৪৭৮৭ ফ্যাক্স : ৮৮-০২-৮১১৬৩৯২, ই-মেইল : emtap.ict@gmail.com Web : www.emtap-ict.gov.bd

স্মারক নং-বিসিসি/এমটেপ-০৫/২০০৬-৭১৩ তারিখ : ১৩/১১/২০০৮ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন "Support for Development of Public Sector use of ICT under EMTAP" উন্নয়ন প্রকল্প চলাকালীন সময়ের জন্য সরকার নির্ধারিত সর্বসাকুল্য বেতনে নিম্নলিখিত শূণ্যপদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে পূর্ণ জীবন-বৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

পদের নাম	পদ সংখ্যা	বয়স (বৎসর)	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
সিস্টেমস এনালিস্ট (সিস্টেমস ট্রেনিং)	১	অনুর্ধ ৪০ বৎসর	সর্বসাকুল্য বেতন : ২১,১২৫/-	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স ও ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে বিএসসি ডিগ্রী উত্তীর্ণ। খ) সফটওয়্যার এনালিসিস, ডেভলপমেন্ট, নেটওয়ার্ক স্থাপন ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতাসহ প্রোগ্রামার হিসেবে যে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ৩ বৎসরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।

আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (১) নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, (২) শিক্ষাগত যোগ্যতা, (৩) জন্ম তারিখ ও ১৩ নভেম্বর ২০০৮ তারিখে বয়স, (৪) জাতীয়তা ও (৫) অভিজ্ঞতার বিবরণসহ আবেদনপত্র আগামী ২৪ ডিসেম্বর ২০০৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। খামের উপর প্রকল্পের নাম ("Support for Development of Public Sector use of ICT under EMTAP") এবং পদের নাম উল্লেখ করতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত পেশ করতে হবে। জ্ঞাত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সার্টিফিকেট প্রদানকারী কিংবা আবেদনপত্রে কোন প্রকার অনিয়ম সংঘটনকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে কোন প্রকার প্রভাব সৃষ্টি অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(ড. কামাল উদ্দিন আহমেদ)
প্রকল্প পরিচালক

GD-5394

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজী প্রজেক্টঃ ফেজ-১
প্রকল্প বাস্তবায়ন ইউনিট
পশুসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধনী

স্মারক নং-ডিএলএস/এনএটিপি-২৭/২০০৮/২৪৯ তারিখঃ ১৬/১১/০৮

অত্র দপ্তরের ০৯/১১/০৮ তারিখের ২৪২নং বিজ্ঞপ্তিটি নিম্নোক্তভাবে সংশোধিত হলোঃ

ক্রমিক নং	প্রকাশিত	সংশোধিত
১।	১ম লাইনে-কৃষি মন্ত্রণালয়	মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়
২।	ছকের ৩য় ক্রমিকের ৩য় কলামে পদের সংখ্যা-০২ (দুই)	০১ (এক)
৩।	ছকের নিচের ৩নং ক্রমিকের ২য় লাইনে-দুপুর	বিকাল
৪।	ছকের নিচের ৮নং ক্রমিকের ১ম লাইনে-দুপুর	বিকাল

ডাঃ মোঃ শহীদুল ইসলাম
পরিচালক

জিডি-৫৩৫৮

জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়
২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

৩১ ডিসেম্বর ২০০৮ তারিখ পর্যন্ত বিলম্ব ফি ছাড়া কর্পোরেশনের বীমাগ্রাহকদের নবায়ন প্রিমিয়াম জমা দানের বিশেষ সুযোগ ! ! !

কর্পোরেশনের সম্মানিত বীমাগ্রাহকদের তামাদি ও অনিয়মিত পলিসি নিম্নোক্ত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে আগামী ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখের মধ্যে সম্পূর্ণ বিলম্ব মাসুল (Late Fee) ছাড়া নবায়ন করার বিশেষ সুযোগ প্রদান করা হয়েছেঃ-

(ক) প্রিমিয়ামের দেয় তারিখ ০১ জানুয়ারী ২০০৬ হতে ৩১ ডিসেম্বর ২০০৮-এর মধ্যে হতে হবে।

(খ) প্রয়োজনীয় ডাক্তারী চাহিদাদির ক্ষেত্রে শুধুমাত্র সুস্বাস্থ্যের ঘোষণাপত্র (DGH) দাখিল করতে হবে।

(গ) তামাদি পলিসি পুনরায় চালু করার সাধারণ ব্যবস্থা ও বিশেষ ব্যবস্থা উভয় ক্ষেত্রেই বিলম্ব মাসুল (Late Fee) প্রদান করতে হবে না, তবে বিশেষ ব্যবস্থায় পুর্নবহালের ক্ষেত্রে বয়স বৃদ্ধি জনিত পার্থক্য বাবদ প্রিমিয়াম প্রদান করতে হবে এবং বীমাগ্রাহকের বয়স বীমাযোগ্য বয়স সীমার মধ্যে হতে হবে।

সম্মানিত বীমাগ্রাহকদের এ সুযোগ গ্রহণের অনুরোধ করা যাচ্ছে।

ম্যানেজিং ডাইরেক্টর

GD-5393

ঢাকা সিটি করপোরেশন

www.dhakacity.org
প্রকৌশল বিভাগ, বিদ্যুৎ-১

আপনার শহর পরিচ্ছন্ন রাখুন।

টেন্ডার নোটিশ

১।	মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।
২।	সংস্থা	:	ঢাকা সিটি করপোরেশন।
৩।	দরপত্র আহ্বানকারী	:	নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিভাগ-১।
৪।	তহবিল ও খাত	:	ঢাকা সিটি করপোরেশনের নিজস্ব তহবিল।
৫।	দরপত্র আহ্বান স্মারক সংখ্যা ও তারিখ	:	বিঃবিঃ-১/দঃবিঃ/০৮/২০০৮-২০০৯, তারিখ-১২/১১/২০০৮ইং।
৬।	সংগ্রহ পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ও,টি,এম)।
৭।	দরদাতার যোগ্যতা	:	পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা/২০০৮ এবং সংশ্লিষ্ট কাজের জন্য প্রণীত দরপত্র দলিলের বর্ণনা ও শর্তানুযায়ী।
৮।	দরপত্র ডকুমেন্ট বিক্রয়ের স্থান	:	ঢাকা সিটি করপোরেশনের সকল প্রকৌশল বিভাগসহ কেন্দ্রীয় হিসাব বিভাগ।
৯।	দরপত্র জমা দেওয়ার স্থান	:	নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিভাগ-১ এর দপ্তর।
১০।	দরপত্র খোলার স্থান	:	নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিভাগ-১ এর দপ্তর।
১১।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	০১/১২/২০০৮ইং অফিস চলাকালীন সময়।
১২।	দরপত্র দাখিলের তারিখ ও সময়	:	০২/১২/২০০৮ইং, সময় ০১:০০ ঘটিকা।
১৩।	দরপত্র খোলার তারিখ ও সময়	:	০২/১২/২০০৮ইং, সময় ০২:০০ ঘটিকা।
১৪।	কাজের সংক্ষিপ্ত বিবরণ	:	

ক্রমিক নং	কাজের নাম	দরপত্র নিরাপত্তা জামানত (টাকা)	সিডিউল মূল্য (অফেরতযোগ্য)	কাজের সময়সীমা
১.	দয়াগঞ্জ চৌরাস্তা হতে মীরহাজীরবাগ হয়ে ধোলাইপাড় পর্যন্ত সড়কের পোল, ব্রাকেট, সুইচবক্স মেরামত ও নেটতার স্থাপনসহ আনুসাঙ্গিক বৈদ্যুতিক কাজ।	১৩,৭৫০/-	৫০০/-	২৫ দিন
২.	ধানমন্ডি লেকের আওতাধীন সেক্টর-২,৩,৪ ও ৬ এর ওয়াকওয়েতে বৈদ্যুতিক কাজের পোল, ব্রাকেট, এনার্জি ফিটিংস, ন্যাটতার, সুইচ, সুইচবক্সসহ অন্যান্য আনুষাঙ্গিক কাজ।	৫৩,২৫০/-	১০০০/-	২৫ দিন
৩.	অঞ্চল-৫ এর আওতাধীন (মিরপুর রোড) ল্যাব এইড হইতে মানিক মিয়া এভিনিউ পর্যন্ত আইল্যান্ডে স্থাপিত ক্ষতিগ্রস্থ আন্ডার গ্রাউন্ড ক্যাবল পরিবর্তন করিয়া ওভারহেড লাইন টানানোর জন্য ন্যাট তার, পোল, ব্রাকেট, ফিটিংস, সুইচবক্সসহ আনুসাঙ্গিক মালামাল স্থাপনকরণ কাজ।	১৪,৬০০/-	৫০০/-	২০ দিন

শর্তাবলী :

ক) দরপত্রের সাথে নিরাপত্তা জামানতের টাকা ঢাকাস্থ যে কোন সিডিউল ব্যাংক হইতে মেয়র, ঢাকা সিটি করপোরেশনের অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হইবে।
খ) দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স, এবিসি লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট প্রভৃতি রেকর্ডপত্রের হালনাগাদ নবায়নকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে। দরপত্র মূল্যায়নের দিন সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।
গ) দরপত্র খোলার সময় দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত থাকিতে পারিবেন।
ঘ) দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হইতে জানা যাইবে।
ঙ) নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তিপত্রে আবদ্ধ হওয়ার পূর্বেই কাজ সম্পাদনের লক্ষ্যে ১০% হারে পারফরমেন্স গ্যারান্টি হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি মেয়র, ঢাকা সিটি করপোরেশন, ঢাকা এর বরাবরে জমা দিতে হইবে।
চ) দরপত্র গ্রহণ ও মূল্যায়ন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা/২০০৮ অনুসরণ করা হইবে।
ছ) কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

নির্বাহী প্রকৌশলী
বিদ্যুৎ বিভাগ-১
ঢাকা সিটি করপোরেশন

ডিসিসি/পিআরডি/১৯৫/'০৮-'০৯
জিডি-৫২৮৬

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

আমবটতলা, পোঃ দোগাছিয়া
যশোর সদর, যশোর-৭৪০৭

স্মারক নং-যঃবিঃপ্রঃবিঃ/শিক্ষক নিয়োগ/১০০৫/২০০৮-৪৯৮ তারিখঃ ১৬/১১/২০০৮

নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নের শূন্যপদগুলি পূরণের নিমিত্তে বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	পদের নাম, স্কেল ও বিভাগসমূহ	সর্বোচ্চ বয়স	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	অধ্যাপক (স্কেল= ১৬৮০০-২০৭০০) ১। কম্পিউটার বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি বিভাগ ২। পরিবেশ বিজ্ঞান ও স্বাস্থ্য ব্যবস্থাপনা বিভাগ ৩। একোয়াকালচার ও মৎস্য বিজ্ঞান বিভাগ ৪। অনুজীব বিজ্ঞান বিভাগ	৪৫	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতোকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি। (খ) বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে অন্যূন ৫ (পাঁচ) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা। (গ) স্বীকৃত জার্নালে ১৪ (চৌদ্দ)টি প্রকাশনার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৬ (ছয়)টি প্রকাশনা। অথবা (ক) এমএসসি/এমফিল/এমএস অথবা সমমানের ডিগ্রি। (খ) কোন বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ১৫ (পনের) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে অন্যূন ৬ (ছয়) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা। (গ) গবেষণা পরিচালনার অভিজ্ঞতাসহ স্বীকৃত জার্নালে অন্যূন ১৪ (চৌদ্দ)টি গবেষণার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৬ (ছয়)টি প্রকাশনা থাকতে হবে।
২।	সহযোগী অধ্যাপক (স্কেল= ১৫০০০-১৯৮০০) ১। কম্পিউটার বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি বিভাগ ২। পরিবেশ বিজ্ঞান ও স্বাস্থ্য ব্যবস্থাপনা বিভাগ ৩। একোয়াকালচার ও মৎস্য বিজ্ঞান বিভাগ ৪। অনুজীব বিজ্ঞান বিভাগ	৪০	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিসহ প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ৭ (সাত) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ৪ (চার) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা। (খ) স্বীকৃত জার্নালে অন্তত ৫ (পাঁচ)টি প্রকাশনার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে অন্যূন ৩টি প্রকাশনা থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে এমএসসি/এমফিল/এমএস ডিগ্রিসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে ১০ (দশ) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা। স্বীকৃত জার্নালে অন্যূন ৭ (সাত)টি প্রকাশনার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে অন্যূন ৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে।
৩।	সহকারী অধ্যাপক (স্কেল= ১১০০০-১৭৬৫০) ১। কম্পিউটার বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি বিভাগ ২। পরিবেশ বিজ্ঞান ও স্বাস্থ্য ব্যবস্থাপনা বিভাগ ৩। একোয়াকালচার ও মৎস্য বিজ্ঞান বিভাগ ৪। অনুজীব বিজ্ঞান বিভাগ	৩৫	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি অথবা সমমানের ডিগ্রিসহ প্রভাষক পদের জন্য নির্ধারিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। (খ) স্বীকৃত জার্নালে ১ (এক)টি প্রকাশনা থাকতে হবে। অথবা (ক) সংশ্লিষ্ট বিষয়ে এমএসসি/এমএস/এমফিল সহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে অন্যূন ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন)টি গবেষণা প্রকাশনা।
৪।	প্রভাষক (স্কেল= ৬৮০০-১৩০৯০) ১। কম্পিউটার বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি বিভাগ ২। পরিবেশ বিজ্ঞান ও স্বাস্থ্য ব্যবস্থাপনা বিভাগ ৩। একোয়াকালচার ও মৎস্য বিজ্ঞান বিভাগ ৪। অনুজীব বিজ্ঞান বিভাগ	৩০	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পর্যায়ে ন্যূনতম 'A' গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৪.০) অথবা উভয় ক্ষেত্রে প্রথম বিভাগ থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতোকোত্তর পর্যায়ে উভয় ক্ষেত্রে ন্যূনতম 'A-' গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.৫) অথবা উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণী থাকতে হবে।
৫।	প্রভাষক (স্কেল=৬৮০০-১৩০৯০) বিষয়সমূহ ১। গণিত ২। পদার্থ বিজ্ঞান ৩। রসায়ন ৪। প্রাণীবিদ্যা ৫। উদ্ভিদ বিজ্ঞান	৩০	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পর্যায়ে ন্যূনতম 'A' গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৪.০) অথবা উভয় ক্ষেত্রে প্রথম বিভাগ থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতোকোত্তর পর্যায়ে উভয় ক্ষেত্রে ন্যূনতম 'A-' গ্রেড (৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.৫) অথবা উভয় ক্ষেত্রে প্রথম শ্রেণী থাকতে হবে।

শর্তাবলীঃ

(ক) প্রার্থীকে কোন পরীক্ষায় 'B' গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৪.০ এবং ৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ৩.০) এর নীচে অথবা ৩য় বিভাগ/শ্রেণী থাকা চলবে না।
(খ) অপ্রকাশিত প্রকাশনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। স্বীকৃত জার্নাল বলতে Peer Reviewed জার্নাল বুঝাবে। মানসম্মত Website/Electronic media জার্নালে প্রকাশিত প্রকাশনা ছাড়া অন্য Website এর প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।
(গ) আবেদনকারীকে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর নির্ধারিত আবেদন ফরমের সাথে সকল কাগজপত্রসহ ০৮ সেট উপাচার্য, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ৬১৩/২, বেগম রোকেয়া সরণী, জামালপুর ভবন (৪র্থ তলা), কাজীপাড়া, ঢাকা-১২১৬ বরাবরে আগামী ০৩রা ডিসেম্বর, ২০০৮ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার মাধ্যমে পৌঁছাতে হবে। প্রার্থীগণকে ব্যক্তিগতভাবে উপাচার্যের ঢাকাস্থ কার্যালয় হতে নগদ ১০/- (দশ) টাকার বিনিময়ে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
(ঘ) প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র/নম্বরপত্রের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে। (গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
(ঙ) চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র (নির্ধারিত সময়ের পর) গ্রহণ করা হবে না।
(চ) দরখাস্তের সাথে 'উপাচার্য, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়' এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে ক্রমিক নং ১-২ পদের জন্য ৫০০/- (পাঁচশত) এবং ক্রমিক নং ৩-৫ পদের জন্য ৪০০/- (চারশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(ছ) প্রত্যেক প্রার্থীকে তাহার প্রার্থিত পদের নাম খামের উপর বামদিকে স্পষ্টাক্ষরে লিখতে হবে।
(জ) প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত স্ট্যাম্পযুক্ত ২৫x১১ সেঃমিঃ/১০x৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।
(ঝ) প্রাপ্ত দরখাস্তসমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে ইন্টারভিউ/সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এজন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
(ঞ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

প্রফেসর ড. আর আই সরকার
উপাচার্য
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জিডি-৫৩৯০

Bangladesh Krishi Bank

Head Office
83-85, Motijheel Commercial Area, Dhaka

Common Service Department

Invitation of Re-Tender for Purchase of 05 (five) KVA Generator

Sealed tenders are hereby invited from the importers/distributors/supplier for supply and installation of 52 (fifty-two) 05 (five) KVA Generator for Bangladesh Krishi Bank at different branches.

1.	Procuring entity name	Bangladesh Krishi Bank.		
2.	Procuring entity district	Head Office, 83-85, Motijheel C/A, Dhaka.		
3.	Invitation for	Procurement of 5 KVA Generator.		
4.	Invitation Ref No.	HO/CSD-5(7)Part-23/2008-2009/572		
5.	Date	Dated: 16-11-2008		
6.	Procurement method	Open tendering method.		
7.	Budget and source of funds	BKB's own fund under revenue budget.		
8.	Tender last selling date	Dated: 01-12-2008		
9.	Tender closing date and time	Dated: 02-12-2008 up to 11-00am.		
10.	Tender opening date and time	Dated: 02-12-2008 at 11-30am.		
11.	Price of tender document	Tk. 1000/- (one thousand) only (non-refundable) in the form of Pay Order/Bank Draft from any branch of a schedule bank in Bangladesh in favour of Bangladesh Krishi Bank, Head Office, Dhaka.		
12.	Amount of tender security	Tk. 1,42,000/- (one lac forty-two thousand) only (refundable) in the form of Pay Order or Bank Draft from any branch of Bangladesh Krishi Bank in Bangladesh in favour of Bangladesh Krishi Bank, Head Office, Dhaka.		
13.	Name & address of the office(s)	Address		
	-Selling tender document	Bangladesh Krishi Bank, Head Office, Common Service Department (2nd Floor), 83-85, Motijheel C/A, Dhaka.		
	-Receiving tender document	Bangladesh Krishi Bank, Head Office, Common Service Department (2nd Floor), 83-85, Motijheel C/A, Dhaka.		
	-Opening tender document	Bangladesh Krishi Bank, Head Office, Common Service Department (2nd Floor), 83-85, Motijheel C/A, Dhaka.		
14.	Eligibility of tenderer	a) The tenderer shall have a minimum of 5 years of overall experience in the supply of goods and related services. The tenderer shall have a minimum of 3 years of specific experience in the supply of similar goods and related services. The minimum supply value of goods under a single contract in the last five years is Tk. 20 lac. b) The following documents should be shown to purchase the tender document: i) VAT registration certificate ii) Updated income tax certificate iii) Valid trade licence.		
15.	Brief description of goods	Procurement of 52 (fifty-two) 05 (five) KVA Generator for Bangladesh Krishi Bank at different branches.		
16.	Name of official inviting tender	Md. Lutfor Rahman.		
17.	Designation of official inviting tender	Deputy General Manager, Common Service Department, BKB.		
18.	Address of official inviting tender	Common Service Department, Bangladesh Krishi Bank, Head Office, 83-85, Motijheel C/A, Dhaka.		
19.	Contact details of official inviting tender	Telephone No: 88-02-9553535	Fax No: 88-02-9569491	E-mail: bkb@intechworld.net
20.	The procuring entity reserves the right to accept or reject any and/or all tender(s).			

Md Lutfor Rahman
Deputy General Manager

GD-5371

ঢাকা সিটি করপোরেশন, ঢাকা

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে ঢাকা মহানগরীতে ঢাকা সিটি করপোরেশন কর্তৃক নিম্নলিখিত স্থানসমূহে অস্থায়ী কোরবানীর পশুর হাট বসানোর সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। এই হাটসমূহ সীলমোহরকৃত দরপত্রের মাধ্যমে নির্ধারিত শর্তে ইজারা দেওয়া হইবে। দরপত্রসমূহ আগামী ২৬/১১/২০০৮ইং তারিখ সকাল ৯.০০ ঘটিকা হইতে দুপুর ১২.৩০ ঘটিকার মধ্যে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগসহ ঢাকা সিটি করপোরেশনের নিম্নোক্ত ১০ (দশ)টি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়

০১।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১	সায়েদাবাদ (দরবার শরীফের নিকট রাস্তার পশ্চিম পার্শ্বে)।
০২।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২	ঢাকা সিটি করপোরেশনের প্রধান কার্যালয়, নগর ভবন, ৯ম তলা।
০৩।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৩	আজিমপুর গনি সরদার কমিউনিটি সেন্টার।
০৪।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৪	খিলগাঁও তিলপাপাড়া কমিউনিটি সেন্টার।
০৫।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫	ঢাকা সিটি করপোরেশনের প্রধান কার্যালয়, নগর ভবন, ৯ম তলা।
০৬।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৬	কাওরান বাজার মার্কেটের দোতলায়।
০৭।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৭	মিরপুর টাউনহল (১০নং সেকশন গোলচক্করের নিকটে)।
০৮।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৮	মিরপুর ২নং সেকশন জার্মান টেকনিক্যাল এর পূর্ব পার্শ্বে।
০৯।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৯	রোড নং-৯০, বাড়ি নং-ই-৫, গুলশান, ঢাকা।
১০।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১০	রোড নং-১৩/ডি, বাড়ি নং-২০, সেকশন-৬, উত্তরা, ঢাকা।

এবং নগর ভবনের অভ্যর্থনা কক্ষের পার্শ্বে উন্মুক্ত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্রসমূহ গ্রহণ করা হইবে এবং ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হইবে। প্রতিটি হাটের জন্য প্রস্তাবিত দরের উপর ৩০% (শতকরা ত্রিশ ভাগ) জামানতের অর্থ বাবদ ঢাকাস্থ যে কোন সিডিউল ব্যাংক হইতে ঢাকা সিটি করপোরেশনের মাননীয় মেয়রের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সঙ্গে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। এই বিষয়ে শর্ত ও নিয়ামাবলী সম্পত্তি বিভাগ হইতে (অফিস চলাকালীন সময়ে) জানা যাইবে।

২। প্রতিটি হাটের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ভিন্ন ভিন্ন সিডিউল ক্রয় করিতে হইবে। সিডিউল মূল্য বাবদ টাকা যথানিয়মে ব্যাংকে জমাদানপূর্বক নগর ভবনে সম্পত্তি বিভাগ/হিসাব বিভাগ এবং প্রতিটি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার দপ্তর হইতে আগামী ২৫/১১/২০০৮ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত সিডিউল ক্রয় করা যাইবে। চালানের কপি দরপত্রের সহিত জমা দিতে হইবে। উল্লেখ থাকে যে, দরদাতার বর্তমান ও স্থায়ী ঠিকানা যেমন-নাম, পিতার নাম, গ্রাম, থানা/উপজেলা ও জেলা উল্লেখপূর্বক সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কমিশনার/১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক ইস্যুকৃত সনদপত্রসহ সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি অবশ্যই দরপত্রের সহিত জমা দিতে হইবে।

৩। উল্লেখ থাকে যে, অনুমোদিত দরদাতা কর্তৃক দরের সমুদয় অর্থ